


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার ইউনিয়ন ভূমি অফিস ঘিলাছড়ার পুরাতন ভবন ও জাঙ্গিনায় অবস্থিত ১৪ (চৌদ্দ) টি গাছ (যেখানে যে অবস্থায় আছে) অপসারণের লক্ষ্যে ও বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট ২৬/০৪/২০২০ স খ্রি: তারিখের ২৭০ নং স্মারকে প্রাক্কলিত ভবনের মূল্য বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, সিলেট এর প্রাক্কলিত গাছের মূল্য নির্ধারণ এবং জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের ২১/০৭/২০২০ খ্রি: তারিখের ০৫.৪৬.৯১০০.০০৮.৬৯.০০২.১৯.৯৪০ নং স্মারকে কাদেশ মোতাবেক গঠিত উপজেলা পুরাতন মালামাল/গাছ নীলাম কমিটির ০৬/০৮/২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্যগণের উপস্থিতিতে প্রকাশ্যে নীলাম ডাকে বিক্রয় করা হবে। এ লক্ষে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ফেঞ্চুগঞ্জ, সিলেট এ আগামী ১৯/০৮/২০২০ খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকায় নিম্ন লিখিত শর্ত স্বাপেক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে এবং ঐ দিন দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত নিলাম ডাক চলবে। আগ্রহী ক্রেতাগণ উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

নীলাম ডাকের শর্তাবলী :

- ১। কর্তৃপক্ষ/উপজেলা নিলাম কমিটির সম্মুখে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ২। নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে নিলাম ডাককারীকে নিলামকৃত অবকাঠামো ও গাছ সরেজমিনে দেখে ১৯/০৮/২০২০ খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ফেঞ্চুগঞ্জ, সিলেট এ হাজির হয়ে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ৩। নিলাম ডাক আরম্ভ হওয়ার সময়ের ০১ (এক) ঘণ্টা পূর্বে অর্থাৎ সকাল ১০.০০ ঘটিকার নিলাম ডাককারীকে জামানত হিসাবে নগদ ১০,০০০/= (দশ হাজার) টাকা (ফেরৎ যোগ্য) নিলাম কমিটির নিকট জমা প্রদান পূর্বক নিজ নিজ নাম ও ঠিকানা লিপিবদ্ধ করতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবে না।
- ৫। গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে ০১ (এক) কার্যদিবসের মধ্যে নিলাম ডাকের সমুদয় অর্থ নগদ পরিশোধ এবং সরকারী বিধি মোতাবেক মোট অর্থের ১৫% হারে ভ্যাট ও ৫% হারে আয়কর জমা দিতে হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অবকাঠামো ও গাছ অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গন্য হবে এবং দায় -দায়িত্ব গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম ডাক গ্রহণ / বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৮। অনিবার্য কারণ বশত: নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে।


(মৌসুমী মাহান)
সহকারী কমিশনার(ভূমি)

ও
সদস্য সচিব


রাজস্ব বিভাগের আওতাধীন উপজেলা পুরাতন ভবন /গাছ নিলাম কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্মারক নং : ৩১.৪৬.৯১০০.০০০.০৭.০০৭.২০- ২৭৬/১

তারিখ : ১০/০৮/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। জেলা প্রশাসক, সিলেট।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৪। উপজেলা প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৫। বন সংরক্ষক, সিলেট।
- ৬। অফিসার ইন-চার্জ, ফেঞ্চুগঞ্জ থানা, সিলেট।
- ৭। সাব-রেজিস্ট্রার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৯-১৩। চেয়ারম্যান (সকল)- ১ নং ফেঞ্চুগঞ্জ/ ২ নং মাইজগাওঁ/ ৩ নং ঘিলাছড়া/ ৪ নং উত্তর কুশিয়ারা/ ৫ নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউ/পে, সিলেট (বহল প্রচারের জন্য)
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (ভা:প্রা:) ঘিলাছড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ১৫। নোটিশ বোর্ড।


(মৌসুমী মাহান)
সহকারী কমিশনার(ভূমি)

ও
সদস্য সচিব

রাজস্ব বিভাগের আওতাধীন উপজেলা পুরাতন ভবন /গাছ নিলাম কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।